বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
www.ecs.gov.bd

স্মারক নং-১৭.০২.৬৭০২.০০০.০৩২.০২২.২৫-১৩৪

তারিখ: ৯ আগস্ট ২০২৬খ্রি:

বিজ্ঞপ্তি

ভোটার তালিকা আইন-২০০৯ এর ধারা ৭ (২) ও ভোটার তালিকা বিধিমালা - ২০১২ এর ১৪(১) অনুসারে আমি মোঃ নাজমুল হাসান, উপজেলা নির্বাচন অফিসার, ও রেজিস্ট্রেশন অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। এতদ্বারা নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার (১) ভূলতা (২) ভোলাব (৩) মুড়াপাড়া (৪) গোলাকান্দাইল (৫) দাউদপুর (৬) রূপগঞ্জ (৭) কায়েতপাড়া ইউনিয়ন এবং (৮) তারাব পৌরসভা ও (৯) কাঞ্চন পৌরসভার সকল ওয়ার্ডের ভোটার এলাকা সমূহের ভোটার তালিকা ডাটাবেইজে অন্তর্ভূক্ত **(৩১/০৭/২০০৮ তারিখ বা তার পূর্বে জন্ম এমন ব্যক্তিদের মধ্যে ৩১/৭/২০২৬ পর্যন্ত যারা ডাটাবেইজে অন্তর্ভূক্ত হয়েছেন তাদেরকে চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্তকরণের লক্ষ্যে)** খসড়া ভোটার তালিকা জনসাধারণের অবগতির জন্য প্রকাশ করছি।

২। উক্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির দাবী অথবা অন্তর্ভুক্তির বিরুদ্ধে আপত্তি অথবা অন্তর্ভুক্তির বিষয় সম্পর্কে সংশোধনী আবেদন অত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ অর্থাৎ ৯ আগস্ট ২০২৬খ্রিঃ হতে আগামী ২৪ আগস্ট ২০২৬খ্রিঃ তারিখ পর্যন্ত আমার কার্যালয় অথবা সংশোধনকারী কর্তৃপক্ষ **(জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, নারায়ণগঞ্জ)** এ ব্যক্তিগতভাবে অথবা ডাকযোগে দাখিল করতে হবে।

অফিস সময়ে অত্র কার্যালয়ে ও ইউনিয়ন পরিষদ এবং তারাব ও কাঞ্চন পৌরসভা কার্যালয়ে খসড়া ভোটার তালিকা দেখা যাবে।

09.08.26

স্থান: রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
তারিখঃ ৯ আগস্ট ২০২৬খ্রি.

(মোঃ নাজমুল হাসান)
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
ফোনঃ ০২-২২৩৩০৩৫৫১

স্মারক নং-১৭.০২.৬৭০২.০০০.০৩২.০২২.২৫-১৩৪

তারিখ: ৯ আগস্ট ২০২৬খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'লঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৪। জেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৬। পৌর প্রশাসক, তারাব/কাঞ্চন পৌরসভা।
৭। চেয়ারম্যান/প্রশাসক, ...কাঞ্চন পৌরসভা... ইউনিয়ন পরিষদ (সকল), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৮। সভাপতি/সাধারন সম্পাদক, ... প্রেস ক্লাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৯। অফিস কপি।

উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
www.ecs.gov.bd

স্মারক নং-১৭.০২.৬৭৬৮.০০০.০৩২.০২১.২৪-১৩৩

তারিখ: ৯ আগস্ট ২০২৬খ্রি:

বিষয়ঃ ভোটার তালিকার খসড়া প্রকাশ এবং সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক আবেদন নিষ্পত্তির তারিখ নির্ধারণ সংক্রান্ত।

সূত্রঃ নিকস এর স্মারক ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২-১৬৯, তারিখঃ ৯ জুলাই ২০২৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানাচ্ছি যে, ভোটার তালিকা ডাটাবেইজে **৩১/০৭/২০০৮ তারিখ বা তার পূর্বে জন্ম এমন ব্যক্তিদের মধ্যে ৩১/৭/২০২৬খ্রি. তারিখ পর্যন্ত যারা ডাটাবেইজে অন্তর্ভুক্ত হয়েছেন তাদের কে চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে খসড়া ভোটার তালিকা প্রকাশ**, দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিল এবং দাখিলকৃত আবেদন নিষ্পত্তিকরত: চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের নিমিত্তে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী মাননীয় নির্বাচন কমিশন সদয় নির্দেশনা প্রদান করেছেন। এ লক্ষ্যে আপনার নিকট আপনার পৌরসভা/ইউনিয়নের .....টি গ্রামের .....টি ছবিসহ ভোটার তালিকা প্রেরণ করা হলো। এক্ষেত্রে লক্ষ্যণীয় বিষয় যে, তালিকাগুলো কোন ক্রমেই ফটোকপি, ঘষামাজা কিংবা ছেড়া যাবে না। খসড়া ভোটার তালিকার ব্যাপারে কোন দাবী, আপত্তি কিংবা সংশোধনী থাকলে আমার কার্যালয় অথবা সংশোধনকারী কর্তৃপক্ষ **(জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, নারায়ণগঞ্জ)** নিকট নিম্নের তারিখ অনুযায়ী নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

এছাড়া খসড়া ভোটার তালিকা গুলো অবশ্যই আগামী ২৫ আগস্ট, ২০২৬ খ্রিঃ তারিখে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ফেরত প্রদানের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

"সময়সূচী"

১	হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ	৯ আগস্ট ২০২৬
২	দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিল এর শেষ তারিখ	২৪ আগস্ট ২০২৬
৩	সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনসমূহ নিষ্পত্তির শেষ তারিখ	২৭ আগস্ট ২০২৬
৪	দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশ	২৮ আগস্ট ২০২৬
৫	হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	৩১ আগস্ট ২০২৬

(মোঃ নাজমুল হাসান)
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
ফোনঃ ০২-২২৩৩০৩৫৫১

প্রাপকঃ
১। পৌর প্রশাসক.....
২। চেয়ারম্যান/প্রশাসক...কাঞ্চন...সেলিনা...ইউনিয়ন পরিষদ,
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

স্মারক নং-১৭.০২.৬৭৬৮.০০০.০৩২.০২১.২৪-১৩৩

তারিখ: ৯ আগস্ট ২০২৬খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'লঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ
১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৪। জেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ ও সংশোধনকারী কর্তৃপক্ষ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৬। অফিস কপি।

উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ